

**বিদ্যালয়ে শতভাগ শিশুর
ভর্তি ও ঝরেপড়া রোধে
মীনা কার্টুন ওকৃতপূর্ণ
ভূমিকা পালন করছে**

-প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডাঃ আফজাল আমীন বলেছেন, প্রাথমিক বিদ্যালয়ের গমনোপযোগী শতভাগ শিশুর ভর্তি, ঝরেপড়া রোধ এবং মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ সামাজিক উন্নয়নের মীনা কার্টুন অত্যন্ত ওকৃতপূর্ণ ভূমিকা পালন করছে। পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য বিষয়ক উন্নয়নে এবং বাল্যবিবাহসহ বিভিন্ন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি হয়েছে। গতকাল (সোমবার) রাজধানীর আগারগাঁওয়ে এলজিইডি মিলনায়তনে মীনা দিবসের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ইউনিসেফের সহযোগিতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় আরো উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মোতাহার হোসেন, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আবুল কালাম আজাদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি খোব এবং ঢাকাস্থ ইউনিসেফের এক্সেকশন স্পেশালিস্ট মোঃ মোহসিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব এম এম নিদ্রাজউদ্দিন। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, আমরা প্রাথমিক পর্যায়ে শতভাগ শিশুরে কুলে আনতে সক্ষম হয়েছি। কিন্তু এটাই আমাদের সফলতার শতভাগ নয়। আমরা শতভাগ শিশুর জন্যে মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে চাই। ছেলে-মেয়ের মধ্যে সমাজের দৃষ্টিভঙ্গির তির্যকতা ও পরিবারে অসম বাল্য কৃপণ, শিশু শ্রমরোধ ইত্যাদি বিষয়েও জনগণকে সচেতন করা ও কার্যকর বার্তা পৌছানোর ক্ষেত্রে মীনা চরিত্রটি ওকৃতপূর্ণ ভূমিকা পালন করছে।